# চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়

জেলা-চুয়াডাঙ্গা।

প্রাপকঃ

| | | |
|---|---|---|
| ০১. | জনাব মোঃ জাহাঙ্গীর আলম মালিক | সদস্য |
| ০২. | জনাব মোঃ উজ্জ্বল হোসেন | সদস্য |
| ০৩. | জনাবা মোছাঃ শেফালি খাতুন | সদস্য |
| ০৪. | জনাবা মোছাঃ শাহিনা আক্তার | সদস্য |
| ০৫. | জনাব মোঃ আয়ুব আলী বিশ্বাস, নির্বাহী প্রকৌশলী | প্রকৌশল শাখার প্রতিনিধি |
| ০৬. | জনাবা মোছাঃ রুবি খাতুন, জিনতলা পাড়া | দরিদ্র শ্রেণীর প্রতিনিধি |
| ০৭. | জনাব মোঃ জিনারুল ইসলাম, ইসলাম পাড়া | দরিদ্র শ্রেণীর প্রতিনিধি |
| ০৮. | কে এম আব্দুস সবুর খান, সমাজ উন্নয়ন কর্মকর্তা | সাচিবিক |

উপর্যুক্ত বিষয়ে সকলকে জানানো যাচ্ছে যে, আগামী ২৬/১২/২০২২ইং তারিখঃ মঙ্গলবার সকাল ১১.০০ ঘটিকায় পৌরসভা মিলনায়তনে "দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী" কমিটির সভার আয়োজন করা হয়েছে। উক্ত সভায় উপস্থিত থাকার জন্য সকলকে অনুরোধ করা হলো।

আলোচ্য বিষয়ঃ-

০১. বিগত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন।
০২. পৌর এলাকার ০৯টি ওয়ার্ডের হত দরিদ্রদেও মাঝে শীতবস্ত্র (কম্বল) বিতরণ করা প্রসঙ্গে আলোচনা।
০৩. হতদরিদ্র পরিবারের মাঝে বিনা মূল্যে স্বাস্থ্যসেবা ও ঔষধ প্রদান করা প্রসঙ্গে আলোচনা।
০৪. আর্থিক সাহায্য প্রদান করা প্রসঙ্গে আলোচনা।
০৫. ০২টি বস্তিতে অবকাঠামো কাজ বাস্তবায়ন করা প্রসঙ্গে আলোচনা।

অনুলিপি ঃ-সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলোঃ
১.প্রকল্প পরিচালক, (UGIIP-III) স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর।
২. অফিস নথি।

( মুন্সি আলাউদ্দীন আহম্মেদ )
সভাপতি
"দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন" বিষয়ক স্থায়ী কমিটি
ও
কাউন্সিলর, ০৫ নং ওয়ার্ড, চুয়াডাঙ্গা পৌরসভা।

# চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়
## জেলা-চুয়াডাঙ্গা।

স্থান ঃ পৌরসভা মিলনায়তন।
তারিখ ঃ ২৬/১২/২০২২ ইং
সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা।
সভাপতিঃ জনাব, মুন্সি আলাউদ্দীন আহম্মেদ, কাউন্সিলর ০৫ নং ওয়ার্ড, চুয়াডাঙ্গা পৌরসভা।

উক্ত সভা পৌরসভা মিলনায়তনে দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব, মুন্সি আলাউদ্দীন আহম্মেদ, এর সভাপতিত্বে সকাল ১১.০০ ঘটিকায় ২৬/১২/২০২২ ইং তারিখে অনুষ্ঠিত হয়। সভার আলোচনা ও সিদ্ধান্ত সমূহ নিম্নে লিপিবদ্ধ করা হলো ঃ-

| ক্রমিক নং | আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত সমূহ | সিদ্ধান্ত বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১। | পূর্ববর্তী সভার কার্য-বিবরণী পাঠ ও অনুমোদন। | সভাপতির অনুমতি ক্রমে, সমাজ উন্নয়ন কর্মকর্তা, জনাব কে এম আব্দুস সবুর খান বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। বিস্তারিত আলোচনার পর কার্যবিবরনী যথাযথভাবে লিপিবদ্ধ হওয়ায় তা সর্ব-সম্মতিক্রমে অনুমোদন করা হয়। | ১। গত সভার কার্য বিবরণী অনুমোদন করা। | সভাপতি, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি। |
| ২। | পৌর এলাকার ০৯টি ওয়ার্ডের হত দরিদ্রদের মাঝে শীতবস্ত্র (কম্বল) বিতরণ করা প্রসঙ্গে আলোচনা। | দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব মুন্সি আলাউদ্দীন আহম্মেদ বলেন বর্তমান শীত মৌসুমে কিছু সংখ্যক হত দরিদ্র পরিবারের মাঝে বিনামূল্যে শীতবস্ত্র বিতরণ করা দরকার। কমিটির অপর সদস্য জনাব, মোঃ উজ্জ্বল হোসেন বলেন প্রতিবারের ন্যায় এবারও শীত মৌসুমে হতদরিদ্র পরিবারের মাঝে শীতবস্ত্র বিতরণ করা যেতে পারে। কমিটির অপর সদস্য জনাব, মোছাঃ শাহিনা খাতুন বলেন হতদরিদ্র পরিবারের মাঝে শীতবস্ত্র বিতরণ করলে তারা শীতের প্রকোপ থেকে কিছুটা হলেও রক্ষা পাবে। কমিটির সাচিবিক দায়িত্ব পালনকারী সমাজ উন্নয়ন কর্মকর্তা জনাব কে এম আব্দুস সবুর খান বলেন দারিদ্র হ্রাসকরণ কর্মপরিকল্পনায় হতদরিদ্রদের মাঝে বস্ত্র বিতরণ করা বাবদ সর্বমোট ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকার বাজেট বরাদ্দ রাখা আছে। কমিটির অপর সদস্য দরিদ্র শ্রেনীর প্রতিনিধী জনাব, মোছাঃ রুবি খাতুন বলেন আসন্ন শীত মৌসুমে হতদরিদ্র পরিবারের মাঝে শীতবস্ত্র বিতরণ করলে তারা বেশ উপকৃত হবে। পরিশেষে কমিটির সিদ্ধান্ত অনুযায়ী হতদরিদ্রদের মাঝে শীতবস্ত্র প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ২। পৌর এলাকার ০৯টি ওয়ার্ডের হতদরিদ্রদের মাঝে শীতবস্ত্র (কম্বল) বিতরণ করা। | সভাপতি ও দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি। |
| ৩। | হত দরিদ্র পরিবারের মাঝে বিনা মূল্যে স্বাস্থ্যসেবা ও ঔষধ প্রদান করা প্রসঙ্গে আলোচনা। | দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব, মুন্সি আলাউদ্দীন আহম্মেদ বলেন প্রাপ সফল ভাবে বাস্তবায়নের লক্ষ্যে হতদরিদ্র পরিবারের মাঝে বিনামূল্যে স্বাস্থ্যসেবা ও ঔষধ প্রদান করা দরকার। কমিটির অপর সদস্য সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর জনাব, মোছাঃ শেফালী খাতুন বলেন আমাদের পৌরসভা হতে প্রতি মাসেই কিছুসংখ্যক হতদরিদ্র পরিবারের মাঝে আমরা বিনামূল্যে স্বাস্থ্যসেবা ও ঔষধ প্রদান করে থাকি। কমিটির অপর সদস্য সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর জনাব, মোছাঃ শাহিনা খাতুন বলেন পৌরসভা একটি সেবা মূলক প্রতিষ্ঠান হওয়ায় আমরা প্রত্যেক ওয়ার্ডের কিছু সংখ্যক হত দরিদ্র পরিবারের মাঝে বিনা মূল্যে স্বাস্থ্য সেবা ও ঔষধ প্রদান করে থাকি। কমিটির অপর সদস্য দরিদ্র শ্রেনীর প্রতিনিধি জনাব মোছাঃ রুবি খাতুন বলেন কিছু মানুষ আছে যাদের ঔষধ ক্রয়ের কোন সামথ্য নাই। সেসকল ব্যাক্তিদের মাঝে বিনা মূল্যে স্বাস্থ্যসেবা ও ঔষধ প্রদান করা দরকার। বিস্তারিত আলোচনার পর কমিটির সিদ্ধান্ত অনুযায়ী হত দরিদ্র পরিবারের মাঝে বিনামূল্যে স্বাস্থ্যসেবা ও ঔষধ প্রদান করার সিদ্ধান্ত গৃহিত হয়। | ৩। হত দরিদ্র পরিবারের মাঝে বিনামূল্যে স্বাস্থ্যসেবা ও ঔষধ প্রদান করা। | সভাপতি ও দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি। |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৪। | আর্থিক সাহায্য প্রদান প্রসঙ্গে আলোচনা। | দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব, মুন্সি আলাউদ্দীন আহম্মেদ বলেন আমরা পৌরসভার রাজস্ব ফান্ড হতে কিছু সংখ্যক গরীব ও দুস্থ ব্যক্তিদের মধ্যে আর্থিক সাহায্য ও অনুদান প্রদান করা দরকার। কমিটির অপর সদস্য জনাব, মোঃ উজ্জল হোসেন বলেন কিছু সংখ্যক পরিবার আছে যাদের উপার্জন করার মত কোন প্রকার শক্তি সামর্থ্য নাই। তিনি বলেন পৌরসভা যেহেতু সেবা মূলক প্রতিষ্ঠান সেক্ষেত্রে দুস্থ ও অসহায় পরিবারের মাঝে আর্থিক সাহায্য প্রদান করলে তারা অনেকটা উপকৃত হবে। কমিটির অপর সদস্য জনাব, মোছাঃ শেফালী খাতুন বলেন, গরীব ও দুস্থ ব্যক্তিদের আর্থিক সাহায্য প্রদনের মাধ্যমে তাদেরকে ব্যবসা বানিজ্যের মাধ্যমে আর্থিক ভাবে স্বচ্ছল করা সম্ভব। কমিটির অপর সদস্য দরিদ্র শ্রেনীর প্রতিনিধি জনাবা মোছাঃ রুবি খাতুন বলেন আর্থিক সাহায্য প্রদান করলে সমাজে তারাও প্রতিষ্ঠিত হতে পারবে। এবিষয়ে তিনি একমত পোষণ করেন। পরিশেষে গরীব ও দুস্থ ব্যক্তিদের মধ্যে আর্থিক সাহায্য প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | ৪। গরীব ও দুস্থ ব্যক্তিদের মাঝে আর্থিক সাহায্য প্রদান করা। | সভাপতি ও দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি। |
| ০৫। | ০২টি বস্তিতে অবকাঠামো কাজ বাস্তবায়ন প্রসঙ্গে আলোচনা। | দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব মুন্সি আলাউদ্দীন আহম্মেদ, ০২টি বস্তির অবকাঠামো কাজ বাস্তবায়ন প্রসঙ্গে জানতে চান। কমিটির সাচিবিক দায়িত্ব পালনকারী সমাজ উন্নয়ন কর্মকর্তা জনাব কে এম আব্দুস সবুর খান বলেন, ইতোমধ্যে আমরা ০২টি বস্তির অনুমোদন পেয়েছি। অনুমোদনকৃত ইসলামপাড়ার খাল পাড়া বস্তিতে ০১টি টয়লেট, ০১টি ডাস্টবিন, ৮৯৭মিটারফুটপাত ও ১০০টি বৃক্ষ রোপন, ৫৪০মিটার ব্রিক ড্রেন, ০৮টি সোলার স্ট্রিট লাইট ও ০১টি টিউবওয়েল নির্মান করা হবে। রেলপাড়ার মাঠ পাড়া বস্তিতে ০১টি টয়লেট, ০১টি ডাস্টবিন, ১৩৪১মিটার ফুটপাত ও ১০০টি বৃক্ষ রোপন, ১০টি সোলার স্ট্রিট লাইট ও ০৬টি টিউবওয়েল নির্মান করা হবে। বর্তমানে বস্তি এলাকায় টয়লেট, ফুটপাত ও ড্রেন নির্মাণ এর কাজ চলমান রয়েছে। কমিটির অপর সদস্য সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর জনাবা মোছাঃ শেফালী খাতুন বলেন দ্রুত বস্তির অবকাঠামো কাজ শেষ করা দরকার। কমিটির অপর সদস্য মোঃ উজ্জল হোসেন বলেন দরিদ্র এলাকায় উক্ত কাজ বাস্তবায়ন করা হলে এলাকার জনগনের জন্য অনেক সুবিধা হবে। পরিশেষে কমিটির সিদ্ধান্ত মোতাবেক দ্রুত বস্তির অবকাঠামো কাজ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | ৫। দ্রুত বস্তির অবকাঠামো কাজ বাস্তবায়ন করা। | সভাপতি ও দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি ও এসআইসি কমিটি। |

আর বিশেষ কোন আলোচনা না থাকায় কমিটির সভাপতি জনাব, মুন্সি আলাউদ্দীন আহম্মেদ সকলের সুস্বাস্থ্য ও মঙ্গল কামনা করে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মুন্সি আলাউদ্দীন আহম্মেদ)
সভাপতি, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি
ও
কাউন্সিলর, ০৫ নং ওয়ার্ড, চুয়াডাঙ্গা পৌরসভা।

স্মারক নং ঃ-

তারিখঃ- ২৬/১২/২০২২ইং

অনুলিপি ঃ- সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলোঃ

১.প্রকল্প পরিচালক, (UGIIP-III) স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর।
২.সকল সদস্য দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি, চুয়াডাঙ্গা পৌরসভা।

(মুন্সি আলাউদ্দীন আহম্মেদ)
সভাপতি, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি।

# চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়

জেলা-চুয়াডাঙ্গা।

স্থানঃ পৌরসভা মিলনায়তন। তারিখঃ ২৬/১২/২০২২ইং।

দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভায় উপস্থিত সদস্য বৃন্দের নাম ও স্বাক্ষর নিন্মরুপঃ

| ক্র নং | নাম | পরিচিত | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | জনাব মুন্সি আলাউদ্দীন আহম্মেদ | সভাপতি | |
| ২ | জনাব মোঃ জাহাঙ্গীর আলম মালিক | সদস্য | |
| ৩ | জনাব মোঃ উজ্জ্বল হোসেন | সদস্য | |
| ৪ | জনাবা মোছাঃ শেফালি খাতুন | সদস্য | শেফালী |
| ৫ | জনাবা মোছাঃ শাহিনা আক্তার | সদস্য | |
| ৬ | জনাব মোঃ আয়ুব আলী বিশ্বাস, নির্বাহী প্রকৌশলী | প্রকৌশল শাখার প্রতিনিধি | |
| ৭ | জনাবা মোছাঃ রুবি খাতুন, জিনতলা | দরিদ্র শ্রেণীর প্রতিনিধি | রুবি |
| ৮ | জনাব মোঃ জিনারুল ইসলাম, ইসলাম পাড়া | দরিদ্র শ্রেণীর প্রতিনিধি | জিনারুল |
| ৯ | কে এম আব্দুস সবুর খান, সমাজ উন্নয়ন কর্মকর্তা | সমাজ উন্নয়ন কর্মকর্তা ও সদস্য সচিব | |

# চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়

শহীদ আবুল কাশেম সড়ক, চুয়াডাঙ্গা। ফোনঃ ০৭৬১-৬২২৮১

Web Site: www.chuadangapourashava.org, E-mail:mayor16cp@gmail.com


## ২৬/১২/২০২২ইং তারিখে অনুষ্ঠিতব্য দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির মাসিক সভার আলোক চিত্র।






# চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়

জেলা-চুয়াডাঙ্গা।

প্রাপকঃ

| | | |
|---|---|---|
| ০১. | জনাব মোঃ জাহাঙ্গীর আলম মালিক | সদস্য |
| ০২. | জনাব মোঃ উজ্জ্বল হোসেন | সদস্য |
| ০৩. | জনাবা মোছাঃ শেফালি খাতুন | সদস্য |
| ০৪. | জনাবা মোছাঃ শাহিনা আক্তার | সদস্য |
| ০৫. | জনাব মোঃ আয়ুব আলী বিশ্বাস, নির্বাহী প্রকৌশলী | প্রকৌশল শাখার প্রতিনিধি |
| ০৬. | জনাবা মোছাঃ রুবি খাতুন, জিনতলা পাড়া | দরিদ্র শ্রেণীর প্রতিনিধি |
| ০৭. | জনাব মোঃ জিনারুল ইসলাম, ইসলাম পাড়া | দরিদ্র শ্রেণীর প্রতিনিধি |
| ০৮. | কে এম আব্দুস সবুর খান, সমাজ উন্নয়ন কর্মকর্তা | সাচিবিক |

উপর্যুক্ত বিষয়ে সকলকে জানানো যাচ্ছে যে, আগামী ১৯/১০/২০২২ ইং তারিখঃ মঙ্গলবার সকাল ১১.০০ ঘটিকায় পৌরসভা মিলনায়তনে "দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী" কমিটির সভার আয়োজন করা হয়েছে। উক্ত সভায় উপস্থিত থাকার জন্য সকলকে অনুরোধ করা হলো।

আলোচ্য বিষয়ঃ-

০১. বিগত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন।
০২. অনুমোদিত ০২টি বস্তিতে এসটিডি হিসাব খোলা প্রসঙ্গে আলোচনা।
০৩. পূর্তকাজ বাস্তবায়নের জন্য পৌরসভার পক্ষে মেয়র এবং বস্তি উন্নয়ন কমিটি (এসআইসি) এর পক্ষে সভাপতির মধ্যে সমঝোতা চুক্তি করা প্রসঙ্গে আলোচনা।
০৪. বস্তিতে অবকাঠামো কাজ বাস্তবায়ন করা প্রসঙ্গে আলোচনা।

অনুলিপি ঃ-সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলোঃ
১.প্রকল্প পরিচালক, (UGIIP-III) স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর।
২. অফিস নথি।

( মুন্সি আলাউদ্দীন আহম্মেদ )
সভাপতি
"দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন" বিষয়ক স্থায়ী কমিটি
ও
কাউন্সিলর, ০৫ নং ওয়ার্ড, চুয়াডাঙ্গা পৌরসভা।

# চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়

## জেলা-চুয়াডাঙ্গা।

স্থান ঃ পৌরসভা মিলনায়তন।
তারিখ ঃ ১৯/১০/২০২২ ইং
সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা।
সভাপতিঃ জনাব, মুন্সি আলাউদ্দীন আহম্মেদ, কাউন্সিলর ০৫ নং ওয়ার্ড, চুয়াডাঙ্গা পৌরসভা।

উক্ত সভা পৌরসভা মিলনায়তনে দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব, মুন্সি আলাউদ্দীন আহম্মেদ, এর সভাপতিত্বে সকাল ১১.০০ ঘটিকায় ১৯/১০/২০২২ ইং তারিখে অনুষ্ঠিত হয়। সভার আলোচনা ও সিদ্ধান্ত সমূহ নিম্নে লিপিবদ্ধ করা হলো ঃ-

| ক্রমিক নং | আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত সমূহ | সিদ্ধান্ত বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১। | পূর্ববর্তী সভার কার্য-বিবরণী পাঠ ও অনুমোদন। | সভাপতির অনুমতি ক্রমে, সমাজ উন্নয়ন কর্মকর্তা, জনাব কে এম আব্দুস সবুর খান বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। বিস্তারিত আলোচনার পর কার্যবিবরনী যথাযথভাবে লিপিবদ্ধ হওয়ায় তা সর্ব-সম্মতিক্রমে অনুমোদন করা হয়। | ১। গত সভার কার্য বিবরণী অনুমোদন করা। | সভাপতি, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি। |
| ২। | অনুমোদিত ০২টি বস্তিতে এসটিডি হিসাব খোলা প্রসঙ্গে আলোচনা। | দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব মুন্সি আলাউদ্দীন আহম্মেদ বলেন যে, চুয়াডাঙ্গা পৌরসভা এলাকায় অনুমোদিত ০২টি বস্তিতে এসটিডি হিসাব খোলা প্রসঙ্গে জানতে চান। কমিটির সাচিবিক দায়িত্ব পালনকারী সমাজ উন্নয়ন কর্মকর্তা জনাব কে এম আব্দুস সবুর খান বলেন প্রকল্পের নির্দেশনা মোতাবেক অনুমোদিত ০২টি বস্তির জন্য এসটিডি হিসাব খোলা প্রয়োজন সেক্ষেত্রে অনুমোদিত বস্তির সদস্য সচিব ও চেয়ারপার্সন এর নামে যৌথ এসটিডি হিসাব খুলতে হবে। কমিটির অপর সদস্য জনাব মোঃ উজ্জল হোসেন বলেন অনুমোদিত ০২টি বস্তির বস্তি উন্নয়ন কমিটির সাথে আলোচনা সাপেক্ষে ব্যাংক হিসাব খোলার প্রস্তাব করেন। কমিটির অপর সদস্য দরিদ্র শ্রেনীর প্রতিনিধি জনাব মোছাঃ রুবি খাতুন ব্যাংক হিসাবগুলো কোন ব্যাংকে খুলবেন প্রসঙ্গে জানতে চাইলে সভায় উপস্থিত সমাজ উন্নয়ন কর্মকর্তা বলেন প্রকল্পের নির্দেশনা অনুযায়ী অগ্রনী ব্যাংক, চুয়াডাঙ্গা শাখায় একাউন্ট খোলা হবে। পরিশেষে কমিটির সিদ্ধান্ত অনুযায়ী অনুমোদিত ০২টি বস্তির জন্য প্রকল্পের নির্দেশনা অনুযায়ী অগ্রনী ব্যাংক, চুয়াডাঙ্গা শাখায় একাউন্ট খোলার সিদ্ধান্ত গৃহীত হয়। | ২। অনুমোদিত ০২টি বস্তির জন্য প্রকল্পের নির্দেশনা অনুযায়ী অগ্রনী ব্যাংক, চুয়াডাঙ্গা শাখায় একাউন্ট খোলার সিদ্ধান্ত গৃহীত হয়। | সভাপতি ও দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি। |
| ৩। | পূর্তকাজ বাস্তবায়নের জন্য পৌরসভার পক্ষে মেয়র এবং বস্তি উন্নয়ন কমিটি (এসআইসি) এর পক্ষে সভাপতির মধ্যে সমঝোতা চুক্তি করা প্রসঙ্গে আলোচনা। | দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব মুন্সি আলাউদ্দীন আহম্মেদ বলেন, অনুমোদিত ০২টি বস্তিতে অবকাঠামো উন্নয়ন কাজ বাস্তবায়ন করার জন্য বস্তি উন্নয়ন কমিটি (এসআইসি) এর মধ্যে সমঝোতা চুক্তি অর্থ্যাৎ দ্বিপক্ষীয় চুক্তি সম্পাদন করতে হবে। কমিটির সাচিবিক দায়িত্ব পালনকারী সমাজ উন্নয়ন কর্মকর্তা জনাব কে এম আব্দুস সবুর খান বলেন প্রকল্পের নির্দেশনা অনুযায়ী পূর্তকাজ বাস্তবায়নের জন্য পৌরসভার পক্ষে মেয়র এবং বস্তি উন্নয়ন কমিটি (এসআইসি) এর পক্ষে সভাপতির মধ্যে সমঝোতা চুক্তি অর্থ্যাৎ দ্বিপক্ষীয় চুক্তি সম্পাদন করা হবে। কমিটির অপর সদস্য পৌরসভার নির্বাহী প্রকৌশলী জনাব মোঃ আয়ুব আলী বিশ্বাস বলেন পূর্তকাজ বাস্তবায়নের জন্যপৌরসভার পক্ষে মেয়র এবং বস্তি উন্নয়ন কমিটি (এসআইসি) এর পক্ষে সভাপতির মধ্যে ০২(দুই) সেট ৩০০/-(তিনশত) টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে সমঝোতা চুক্তি অর্থ্যাৎ দ্বিপক্ষীয় চুক্তি সম্পাদন করতে হবে। কমিটির অপর সদস্য দারিদ্র শ্রেণীর প্রতিনিধি জনাব মোঃ জিনারুল ইসলাম বলেন প্রকল্পের নির্দেশনা মোতাবেক বস্তি উন্নয়ন কমিটির সাথে সমঝোতা চুক্তি সম্পাদন করা হবে। পরিশেষে কমিটির সিদ্ধান্ত অনুযায়ী প্রকল্পের নির্দেশনা মোতাবেক পূর্তকাজ বাস্তবায়নের জন্য পৌরসভার পক্ষে মেয়র এবং বস্তি উন্নয়ন কমিটি (এসআইসি) এর পক্ষে সভাপতির মধ্যে সমঝোতা চুক্তি অর্থ্যাৎ দ্বিপক্ষীয় চুক্তি সম্পাদন করার সিদ্ধান্ত গৃহিত হয়। | ৩। প্রকল্পের নির্দেশনা মোতাবেক পূর্তকাজ বাস্তবায়নের জন্য পৌরসভার পক্ষে মেয়র এবং বস্তি উন্নয়ন কমিটি (এসআইসি) এর পক্ষে সভাপতির মধ্যে সমঝোতা চুক্তি অর্থ্যাৎ দ্বিপক্ষীয় চুক্তি সম্পাদন করা। | সভাপতি ও দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪। | বস্তিতে অবকাঠামো কাজ বাস্তবায়ন প্রসঙ্গে আলোচনা। | দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব মুন্সি আলাউদ্দীন আহম্মেদ বলেন, অনুমোদিত ০২টি বস্তিতে অবকাঠামো উন্নয়ন কাজ বাস্তবায়ন করার জন্য বস্তি উন্নয়ন কমিটি (এসআইসি) এর সাথে আলোচনা করে অবকাঠামো কাজ বাস্তবায়ন করতে হবে। তারা যে কাজ প্রথমে বাস্তবায়ন করতে ইচ্ছুক সেই অবকাঠামো কাজ এসআইসি এর সাথে আলোচনা করে অগ্রাধিকার ভিত্তিতে প্রথমে বাস্তবায়ন করতে হবে। কমিটির সাচিবিক দায়িত্ব পালনকারী সমাজ উন্নয়ন কর্মকর্তা জনাব কে এম আব্দুস সবুর খান বলেন অল্প কিছু দিনের মধ্যেই বস্তি উন্নয়ন কমিটি(এসআইসি) এবং মেয়র, চুয়াডাঙ্গা পৌরসভা এর মধ্যে সমঝোতা চুক্তি সম্পাদন করা হবে। সমঝোতা চুক্তি সম্পাদন করার পর তা প্রকল্প অফিসে প্রেরণ করা হবে। এবং প্রকল্প অফিস কর্তৃক বরাদ্ধ পেলেই বস্তিতে অবকাঠামো কাজ বাস্তবায়ন করা হবে। কমিটির অপর সদস্য দারিদ্র শ্রেণীর প্রতিনিধি জনাব মোছাঃ রুবি খাতুন বলেন প্রকল্পের নির্দেশনা মোতাবেক বস্তিতে অবকাঠামো কাজ বাস্তবায়ন করা হবে। পরিশেষে প্রকল্পের নির্দেশনা মোতাবেক অনুমোদিত বস্তিতে অবকাঠামো কাজ বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহিত হয়। | ৪। প্রকল্পের নির্দেশনা মোতাবেক অনুমোদিত বস্তিতে অবকাঠামো কাজ বাস্তবায়ন করা। | সভাপতি ও দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি। |

আর বিশেষ কোন আলোচনা না থাকায় কমিটির সভাপতি জনাব, মুন্সি আলাউদ্দীন আহম্মেদ সকলের সুস্বাস্থ্য ও মঙ্গল কামনা করে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মুন্সি আলাউদ্দীন আহম্মেদ)
সভাপতি, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি
ও
কাউন্সিলর, ০৫ নং ওয়ার্ড, চুয়াডাঙ্গা পৌরসভা।

স্মারক নং ঃ-

তারিখঃ- ১৯/১০/২০২২ইং

অনুলিপি ঃ- সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলোঃ

১.প্রকল্প পরিচালক, (UGIIP-III) স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর।

২.সকল সদস্য দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি, চুয়াডাঙ্গা পৌরসভা।

(মুন্সি আলাউদ্দীন আহম্মেদ)
সভাপতি, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি।

# চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়

জেলা-চুয়াডাঙ্গা।

স্থানঃ পৌরসভা মিলনায়তন। তারিখঃ ১৯/১০/২০২২ইং।

দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভায় উপস্থিত সদস্য বৃন্দের নাম ও স্বাক্ষর নিন্মরুপঃ

| ক্র নং | নাম | পরিচিত | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | জনাব মুন্সি আলাউদ্দীন আহম্মেদ | সভাপতি | |
| ২ | জনাব মোঃ জাহাঙ্গীর আলম মালিক | সদস্য | |
| ৩ | জনাব মোঃ উজ্জ্বল হোসেন | সদস্য | |
| ৪ | জনাবা মোছাঃ শেফালি খাতুন | সদস্য | |
| ৫ | জনাবা মোছাঃ শাহিনা আক্তার | সদস্য | |
| ৬ | জনাব মোঃ আয়ুব আলী বিশ্বাস, নির্বাহী প্রকৌশলী | প্রকৌশল শাখার প্রতিনিধি | |
| ৭ | জনাবা মোছাঃ রুবি খাতুন, জিনতলা | দরিদ্র শ্রেণীর প্রতিনিধি | |
| ৮ | জনাব মোঃ জিনারুল ইসলাম, ইসলাম পাড়া | দরিদ্র শ্রেণীর প্রতিনিধি | |
| ৯ | কে এম আব্দুস সবুর খান, সমাজ উন্নয়ন কর্মকর্তা | সমাজ উন্নয়ন কর্মকর্তা ও সদস্য সচিব | |

# চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়

শহীদ আবুল কাশেম সড়ক, চুয়াডাঙ্গা। ফোনঃ ০৭৬১-৬২২৮১

Web Site: www.chuadangapourashava.org, E-mail:mayor16cp@gmail.com


## ১৯/১০/২০২২ইং তারিখে অনুষ্ঠিতব্য দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির মাসিক সভার আলোক চিত্র।





# চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়

জেলা-চুয়াডাঙ্গা।

প্রাপকঃ

| | | |
|---|---|---|
| ০১. | জনাব মোঃ জাহাঙ্গীর আলম মালিক | সদস্য |
| ০২. | জনাব মোঃ উজ্জ্বল হোসেন | সদস্য |
| ০৩. | জনাবা মোছাঃ শেফালি খাতুন | সদস্য |
| ০৪. | জনাবা মোছাঃ শাহিনা আক্তার | সদস্য |
| ০৫. | জনাব মোঃ আয়ুব আলী বিশ্বাস, নির্বাহী প্রকৌশলী | প্রকৌশল শাখার প্রতিনিধি |
| ০৬. | জনাবা মোছাঃ রুবি খাতুন, জিনতলা পাড়া | দরিদ্র শ্রেণীর প্রতিনিধি |
| ০৭. | জনাব মোঃ জিনারুল ইসলাম, ইসলাম পাড়া | দরিদ্র শ্রেণীর প্রতিনিধি |
| ০৮. | কে এম আব্দুস সবুর খান, সমাজ উন্নয়ন কর্মকর্তা | সাচিবিক |

উপর্যুক্ত বিষয়ে সকলকে জানানো যাচ্ছে যে, আগামী ২৮/১১/২০২২ ইং তারিখঃ রবিবার সকাল ১১.০০ ঘটিকায় পৌরসভা মিলনায়তনে "দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী" কমিটির সভার আয়োজন করা হয়েছে। উক্ত সভায় উপস্থিত থাকার জন্য সকলকে অনুরোধ করা হলো।

আলোচ্য বিষয়ঃ-

০১. বিগত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন।
০২. অনুমোদিত বস্তি সম্পর্কে আলোচনা।
০৩. হত দরিদ্র পরিবারের মাঝে বিনা মূল্যে রিং-স্লাব বিতরণ করা প্রসঙ্গে আলোচনা।
০৪. ভৌতকাজ বাস্তবায়নের জন্য অনুমোদিত ০২টি বস্তির প্রথম কিস্তির ২৫% টাকা অগ্রীম উত্তোলন করা প্রসঙ্গে আলোচনা।

অনুলিপি ঃ-সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলোঃ
১.প্রকল্প পরিচালক, (UGIIP-III) স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর।
২. অফিস নথি।

( মুন্সি আলাউদ্দীন আহম্মেদ )
সভাপতি
"দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন" বিষয়ক স্থায়ী কমিটি
ও
কাউন্সিলর, ০৫ নং ওয়ার্ড, চুয়াডাঙ্গা পৌরসভা।

# চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়
## জেলা-চুয়াডাঙ্গা।

স্থান ঃ পৌরসভা মিলনায়তন।

তারিখ ঃ ২৮/১১/২০২২ ইং

সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা।

সভাপতিঃ জনাব, মুন্সি আলাউদ্দীন আহম্মেদ, কাউন্সিলর ০৫ নং ওয়ার্ড, চুয়াডাঙ্গা পৌরসভা।

উক্ত সভা পৌরসভা মিলনায়তনে দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব, মুন্সি আলাউদ্দীন আহম্মেদ, এর সভাপতিত্বে সকাল ১১.০০ ঘটিকায় ২৮/১১/২০২২ ইং তারিখে অনুষ্ঠিত হয়। সভার আলোচনা ও সিদ্ধান্ত সমূহ নিম্নে লিপিবদ্ধ করা হলো ঃ-

| ক্রমিক নং | আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত সমূহ | সিদ্ধান্ত বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১। | পূর্ববর্তী সভার কার্য-বিবরণী পাঠ ও অনুমোদন। | সভাপতির অনুমতি ক্রমে, সমাজ উন্নয়ন কর্মকর্তা, জনাব কে এম আব্দুস সবুর খান বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। বিস্তারিত আলোচনার পর কার্যবিবরনী যথাযথভাবে লিপিবদ্ধ হওয়ায় তা সর্ব-সম্মতিক্রমে অনুমোদন করা হয়। | ১। গত সভার কার্য বিবরণী অনুমোদন করা। | সভাপতি, ও দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি। |
| ২। | অনুমোদিত বস্তি সম্পর্কে আলোচনা। | দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব, মুন্সি আলাউদ্দীন আহম্মেদ, বলেন আমাদের পৌরসভায় অনুমোদিত বস্তি সমূহে দ্রুত অবকাঠামো কাজ বাস্তবায়ন করা হবে। দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির কমিটির সদস্য সচিব জনাব, কে এম আব্দুস সবুর খান বলেন, প্রকল্প কর্তৃক বাজেট বরাদ্দ পেলে দ্রুত বস্তির অবকাঠামো উন্নয়ন কাজ আরাম্ভ করা হবে। কমিটির অপর সদস্য জনাব মোছাঃ শেফালী খাতুন বলেন বস্তি উন্নয়ন কার্যক্রম প্রকল্প কর্তৃক যেহেতু অনুমোদন হয়ে আসছে সেহেতু অবশ্যই বস্তিতে অবকাঠামো কাজ বাস্তবায়ন করা হবে। পরিশেষে কমিটির সিদ্ধান্ত অনুযায়ী দ্রুত বস্তিতে অবকাঠামো কাজ বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহিত হয়। | ২। দ্রুত বস্তিতে অবকাঠামো কাজ বাস্তবায়ন করা। | সভাপতি ও দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি ও এসআইসি কমিটি। |
| ৩। | হত দরিদ্র পরিবারের মাঝে বিনা মূল্যে রিং-স্লাব বিতরণ করা প্রসঙ্গে আলোচনা | দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব মুন্সি আলাউদ্দীন আহম্মেদ, বলেন প্রত্যেক ওয়ার্ডের কিছু সংখ্যক হত দরিদ্র পরিবারের মাঝে বিনামূল্যে রিং-স্লাব বিতরণ করা দরকার। কমিটির সাচিবিক দায়িত্ব পালনকারী বস্তি উন্নয়ন কর্মকর্তা জনাব কে এম আব্দুস সবুর খান বলেন প্রত্যেক ওয়ার্ড থেকেই বেশ কিছু সংখ্যক রিং-স্লাবের আবেদন ইতিমধ্যে পৌরসভায় জমা পড়েছে। তাদের মধ্যে থেকে যাচাই বাছাই করে কিছু সংখ্যক পরিবারের মাঝে বিনা মূল্যে রিং-স্লাব বিতরণ করলে তারা বেশ উপকৃত হবে। কমিটির অপর সদস্য পৌরসভার মেয়র জনাব, জাহাঙ্গীর আলম মালিক বলেন দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক কমিটির সিদ্ধান্ত অনুযায়ী হত দরিদ্র পরিবারের মাঝে বিনা মূল্যে রিং-স্লাব বিতরণ করা হবে। কমিটির অপর সদস্য সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর জনাব মোছাঃ শেফালী খাতুন বলেন প্রত্যেক ওয়ার্ডেই প্রতি বছরের ন্যায় ২০২২-২০২৩ইং অর্থ বছরেও কিছু সংখ্যক হত দরিদ্র পরিবারের মাঝে বিনা মূল্যে রিং-স্লাব বিতরণ করা হবে। কমিটির অপর সদস্য দরিদ্র শ্রেণীর প্রতিনিধি জনাবা মোছাঃ রুবি খাতুন বলেন প্রত্যেক ওয়ার্ডেই এমন অনেক পরিবার আছে যাদের স্বাস্থ্য সম্মত কোন পায়খানা নেই। সেই সকল পরিবারেরর মাঝে রিং-স্লাব বিতরণ করা খুবই জুরুরী। পরিশেষে হত দরিদ্র পরিবারের মাঝে বিনামূল্যে রিং-স্লাব প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | ৩। হত দরিদ্র পরিবারের মাঝে বিনামূল্যে রিং-স্লাব প্রদান করা। | সভাপতি ও দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি। |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৪। | ভৌত কাজ বাস্তবায়নের জন্য অনুমোদিত ০২টি বস্তির প্রথম কিস্তির ২৫% টাকা অগ্রীম উত্তোলন করা প্রসঙ্গে আলোচনা। | দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব মুন্সি আলাউদ্দীন আহম্মেদ, বলেন, অনুমোদিত ০২টি বস্তিতে অবকাঠামো উন্নয়ন কাজ বাস্তবায়ন করার জন্য ইতিমধ্যে প্রতিটি বস্তির জন্য প্রকল্প ব্যবস্থাপনা অফিস কর্তৃক পৃথক ভাবে বাজেট বরাদ্দ প্রেরণ করেছে। সেক্ষেত্রে ইসলামপাড়ার খাল পাড়া বস্তি বাবদ ৮২,৮৭,৫১২.১৪ (বিরাশি লক্ষ সাতাশি হাজার পাঁচশত বার দশমিক এক চার) টাকা। রেলপাড়ার মাঠ পাড়া বস্তি বাবদ ৮২,৪৪,৩৪২.৯৭ (বিরাশি লক্ষ চুয়াল্লিশ হাজার তিনশত বিয়াল্লিশ দশমিক নয় সাত) টাকা। কমিটির সাচিবিক দায়িত্ব পালনকারী সমাজ উন্নয়ন কর্মকর্তা জনাব কে এম আব্দুস সবুর খান বলেন ইতি মধ্যে অনুমোদিত ০২টি বস্তির সাথে আমরা সমঝোতা চুক্তি সম্পন্ন করে PMO অফিসে প্রেরণ করেছি। এমতাবস্থায় ভৌত কাজ বাস্তবায়নের জন্য অনুমোদিত ০২টি বস্তির প্রাক্কলিত মূল্য টাকা হতে প্রথম কিস্তির ২৫% টাকা অগ্রীম উত্তোলনের জন্য এসআইসি কমিটির সাথে মিটিং করে তারপর মিটিং এর সিদ্ধান্ত অনুযায়ী রেজুলেশন কপি সহ মেয়র চুয়াডাঙ্গা পৌরসভা বরাবর আবেদন করা হয়েছে। কমিটির অপর সদস্য দারিদ্র শ্রেণীর প্রতিনিধি জনাব মোঃ জিনারুল ইসলাম বলেন প্রকল্পের নির্দেশনা মোতাবেক বস্তিতে দ্রুত অবকাঠামো কাজ বাস্তবায়ন করার প্রস্তাব করেন। পরিশেষে কমিটির সিদ্ধান্ত মোতাবেক অনুমোদিত ০২টি বস্তির প্রাক্কলিত মূল্য টাকা হতে প্রথম কিস্তির ২৫% টাকা অগ্রীম উত্তোলন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ৪। অনুমোদিত ০২টি বস্তির প্রাক্কলিত মূল্য টাকা হতে প্রথম কিস্তির ২৫% টাকা অগ্রীম উত্তোলন করা। | সভাপতি ও দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি ও এসআইসি কমিটি। |

আর বিশেষ কোন আলোচনা না থাকায় কমিটির সভাপতি জনাব, মুন্সি আলাউদ্দীন আহম্মেদ সকলের সুস্বাস্থ্য ও মঙ্গল কামনা করে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মুন্সি আলাউদ্দীন আহম্মেদ)
সভাপতি, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি
ও
কাউন্সিলর, ০৫ নং ওয়ার্ড, চুয়াডাঙ্গা পৌরসভা।

স্মারক নং ঃ-
তারিখঃ- ২৮/১১/২০২২ইং

অনুলিপি ঃ- সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলোঃ

১.প্রকল্প পরিচালক, (UGIIP-III) স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর।
২.সকল সদস্য দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি, চুয়াডাঙ্গা পৌরসভা।

(মুন্সি আলাউদ্দীন আহম্মেদ)
সভাপতি, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি।

# চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়

জেলা-চুয়াডাঙ্গা।

স্থানঃ পৌরসভা মিলনায়তন।　　　　　　　　　　　　　　　　তারিখঃ ২৮/১১/২০২২ইং।

দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভায় উপস্থিত সদস্য বৃন্দের নাম ও স্বাক্ষর নিম্নরুপঃ

| ক্র নং | নাম | পরিচিত | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | জনাব মুন্সি আলাউদ্দীন আহম্মেদ | সভাপতি | |
| ২ | জনাব মোঃ জাহাঙ্গীর আলম মালিক | সদস্য | |
| ৩ | জনাব মোঃ উজ্জ্বল হোসেন | সদস্য | |
| ৪ | জনাবা মোছাঃ শেফালি খাতুন | সদস্য | |
| ৫ | জনাবা মোছাঃ শাহিনা আক্তার | সদস্য | |
| ৬ | জনাব মোঃ আয়ুব আলী বিশ্বাস, নির্বাহী প্রকৌশলী | প্রকৌশল শাখার প্রতিনিধি | |
| ৭ | জনাবা মোছাঃ রুবি খাতুন, জিনতলা | দরিদ্র শ্রেণীর প্রতিনিধি | রুবি |
| ৮ | জনাব মোঃ জিনারুল ইসলাম, ইসলাম পাড়া | দরিদ্র শ্রেণীর প্রতিনিধি | |
| ৯ | কে এম আব্দুস সবুর খান, সমাজ উন্নয়ন কর্মকর্তা | সমাজ উন্নয়ন কর্মকর্তা ও সদস্য সচিব | |

# চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়

শহীদ আবুল কাশেম সড়ক, চুয়াডাঙ্গা। ফোনঃ ০৭৬১-৬২২৮১

Web Site: www.chuadangapourashava.org, E-mail:mayor16cp@gmail.com


২৮/১১/২০২২ইং তারিখে অনুষ্টিতব্য দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির মাসিক সভার আলোক চিত্র।




